

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ০৮ মার্চ ২০১৭

যেমন কর্ম তেমন ফল


ভালো কাজের স্বীকৃতি হিসেবে ১৮৮ জনকে রাজস্ব কর্মকর্তা হিসেবে চলতি দায়িত্ব প্রদান

রাজস্ব প্রশাসনে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের 'সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো'র আওতায় মানবসম্পদ ব্যবস্থাপনা পরিচালিত হচ্ছে। করদাতা-বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ও জনকল্যাণে রাজস্ব আহরণের লক্ষ্যে রাজস্ব প্রশাসনে 'যেমন কর্ম তেমন ফল' তথা সততা, নিষ্ঠা ও কর্মদক্ষতার ভিত্তিতে ভালো কাজের স্বীকৃতি স্বরূপ পদোন্নতি, পদায়ন করে আসছে এনবিআর। এরই ধারাবাহিকতায় আজ ০৮ মার্চ ২০১৭ বুধবার ১৮৮ জন 'সহকারী রাজস্ব কর্মকর্তা'কে রাজস্ব কর্মকর্তা হিসেবে পদোন্নতির মাধ্যমে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।

বিভিন্ন কমিশনারেট, কাস্টমস হাউজ ও শুল্ক স্টেশনে কর্মরত ২০৬ জন সহকারী রাজস্ব কর্মকর্তাকে পদোন্নতির জন্য সুপারিশ করা হয়। তন্মধ্যে ১৮ জনের 'পারফরমেন্স' সন্তোষজনক না হওয়ায় তারা পদোন্নতির জন্য বিবেচিত হননি। পারফরমেন্স উন্নত না হওয়া পর্যন্ত তাদেরকে চলতি দায়িত্ব দেয়া হবে না মর্মে সংশ্লিষ্ট কমিশনারগণকে নির্দেশনা দেয়া হয়েছে। রাজস্ব আহরণের কাজে বিশেষ ভূমিকা রাখলে এবং সার্বিক কর্মসম্পাদন মান উন্নত করলে পরবর্তীতে তাদের চলতি দায়িত্ব প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

চলতি দায়িত্বপ্রাপ্ত রাজস্ব কর্মকর্তাদের সঠিকভাবে রাজস্ব আহরণ ও কর সেবায় অধিকতর মনোনিবেশ করার নির্দেশনা দিয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান বলেন, 'আমরা কর্মকর্তা-কর্মচারীদের সুনাম, কর্মদক্ষতা ও সার্বিক কাজের মূল্যায়নে 'রিপোর্ট কার্ড' চালু করেছি। রিপোর্ট কার্ডের ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারীদের লাল, হলুদ ও সবুজ রঙে চিহ্নিত করা হয়। 'জিরো টলারেন্স নীতি'র ফলে কর্মকর্তা-কর্মচারীরা ধীরে ধীরে ভালোর দিকে ধাবিত হচ্ছে। 'যেমন কর্ম তেমন ফল' এ নীতি প্রয়োগে আরো কঠোর হচ্ছে এনবিআর।'

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।


(সেয়দ এ. মুমেন)
সিনিয়র তথ্য অফিসার

প্রাপকঃ

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।